সংবাদ

তারিখ ...07 AUG 2016...
পৃষ্ঠা ...6... কলাম ...6...

# লালপুরে ঝরে পড়া শিক্ষার্থী কমছে

**প্রতিনিধি, লালপুর (নাটোর)**

প্রাথমিক শিক্ষাক্ষেত্রে ঝরে পড়া শিক্ষার্থী রোধ, শিক্ষার প্রতি আগ্রহী করে তোলা এবং অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নাটোরের লালপুরে বেসরকারি এনজিও আশার উদ্যোগে পরিচালিত আশা প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কর্মসূচি ব্যাপক সাড়া জুগিয়েছে।

সরেজমিন গিয়ে দেখা গেছে, লালপুর উপজেলার বেরিলাবাড়ি শাখা ব্রাঞ্চের অধীনে পরিচালিত হচ্ছে ১৫টি শিক্ষাকেন্দ্র। প্রতিটি শিক্ষাকেন্দ্রে প্রায় ৩০ জন করে মোট শিক্ষার্থী রয়েছে ৪৫০ জন। যাদের অধিকাংশই শিশু শ্রেণী, প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণীর, আর এদের শিক্ষাদানের জন্য রয়েছে ১৫ জন শিক্ষা সেবিকা। এ সকল শিক্ষা সেবিকাদের জন্য আবার ট্রেনিংয়ের ব্যবস্থাও করেছে আশা কর্তৃপক্ষ। যার ফলে কোমলমতি শিক্ষার্থীরা সহজেই তাদের পড়াশোনা শেষ করছে, এতে করে তাদের একদিকে পড়ার প্রতি ভীতি যেমন দূর হয়েছে তেমনি লেখাপড়ার মান বৃদ্ধি পাচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনার পাশাপাশি এ শিক্ষা তাদের প্রাইভেট পড়ার বিকল্প হিসেবে কাজ করছে।

এ বিষয়ে শিক্ষাকেন্দ্র সমূহের সুপারভাইজার রবিউল ইসলাম জানান, অবহেলিত দরিদ্র, পড়াশোনার প্রতি ভীতি রয়েছে এমন শিক্ষার্থীদের মনোবল বাড়ানো ও শিক্ষার প্রতি আগ্রহী করে তোলার জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বেরিলাবাড়ি ব্রাঞ্চ ম্যানেজার গোলাম ইয়াছিন বলেন, শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে প্রতি সপ্তাহে অভিভাবকদের নিয়ে সভা, স্বাস্থ্য সচেতনতা ও বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করা হয়।



*নাটোরের লালপুরে শ্রেণীকক্ষে শিক্ষক ও শিক্ষার্থীরা* —সংবাদ